

# জবিতে প্রথম বর্ষের ক্লাস শুরু ২২ জুন

জবি প্রতিনিধি

১৮ মে, ২০২৫ ০২:২২

শেয়ার

অ +

অ -



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের প্রথম বর্ষ প্রথম সেমিস্টারের ক্লাস আগামী ২২ জুন শুরু হবে বলে  
জানিয়েছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. রেজাউল করিম।

শনিবার (১৭ মে) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রেজাউল করিম সামাজিক যোগাযোগ মাধ্যমে এ  
তথ্য জানান। পরে এ বিষয়ে জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর থেকে বিজ্ঞপ্তি জারি করা হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) ও বিবিএ প্রথম বর্ষের নিয়মিত শ্রেণি কার্যক্রম আগামী ২২ জুন, ২০২৫ তারিখ থেকে শুরু হবে।

এ বিষয়ে উপাচার্য বলেন, ‘প্রথম বর্ষে ভর্তি শেষ পর্যায়ে আছে। সর্বশেষ তথ্য অনুযায়ী ৯৫ শতাংশ শিক্ষার্থী ভর্তি হয়ে গেছে। তৃতীয় মেরিট লিস্টের ভর্তি শেষ। চতুর্থ মেরিট লিস্টেই বাকি আসনগুলো পূর্ণ হয়ে যাবে।

আশা করি আমরা ঈদের পরপরই প্রথম বর্ষের ক্লাস শুরু করব।’